শেখ হাসিনার উদ্যোগ

# নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি

রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা

টেলিফোনঃ ০৯৫১-৬১৩৫৩, ০৯৫১-৬১৮৯৯, ই-মেইলঃ netrokonapbs@gmail.com

মুজিব বর্ষ ১০০
পল্লী বিদ্যুতের সেবা বর্ষ

স্মারক নং-২৭.১২.৭২০০.৫৪৫.০২.০০৮.২০২০. ৬৫৯৪ তারিখঃ ২০ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
০৪/০৮/২০২০খ্রিস্টাব্দ

## " পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি "

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে জনবল নিয়োগ/প্যানেল তৈরীর লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪৭০০.০০ হতে ২৬৪৮০.০০ টাকাসহ পবিস নির্দেশিকা/ সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি | ১। **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কমপক্ষে ০৩(তিন)বছর/ ০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>২। **বয়সসীমাঃ** প্রার্থীর বয়স সীমা সর্বোচ্চ ৫২ বছর ( ২০/০৮/২০২০ খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ নবম চুক্তি বা ৫৫বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>০৩। **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় যেমন- যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। **আবেদন ফর্ম পূরণ ও জমাদানঃ** আগ্রহী প্রার্থীগণ নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট (pbs.netrokona.gov.bd) হতে আবেদন ফর্ম (ফর্ম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-১) A4 সাইজের কাগজে ডাউনলোডপূর্বক স্ব-হস্তে পূরণ করে আগামী ২০/০৮/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেনারেল ম্যানেজার, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, রাজেন্দ্রপুর, চল্লিশা,নেত্রকোণা এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে ( কোন ক্রমেই সরাসরি আবেদন গ্রহণ করা হবে না)। নির্ধারিত ফর্ম ব্যতীত সাদা কাগজে ও টাইপকৃত কোন আবেদন এবং উল্লেখিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি ;

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্র /জন্ম সনদ এর সত্যায়িত ফটোকপি ;

(গ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ;

(ঘ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত এবং এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত "অভিজ্ঞতা সনদপত্র ও শেষ বেতনের প্রত্যয়নপত্র "।

০৩। **চুক্তির মেয়াদকালঃ**

নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন প্রতি বছর ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ শেষে ১ম পক্ষের সম্মতিক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবসের ব্যবধানে একই পবিস এ পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য পুনরায় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর (৩+৩+৩) বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

০৪। **বেতন ও ভাতাদিঃ**

নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে চুক্তিকালীন নিম্নবর্ণিতভাবে বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

(ক) সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী মূল বেতন নির্ধারিত হবে।

(খ) সাকুল্য বেতন (মূল বেতন + বাড়িভাড়া বাবদ মূল বেতনের ৪০%)।

(গ) মাসিক বিদ্যুৎ বিল ভাতা ১৫০ ইউনিটের সম-পরিমাণ অর্থ।

(ঘ) মাসিক যাতায়াত ভাতা ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা।

(ঙ) প্রতি বৎসর নিয়মানুযায়ী বার্ষিক বেতন প্রবৃদ্ধি প্রদান করা হবে। তবে বেতন গ্রেড-১ এর সর্বোচ্চ ধাপে (২৬৪৮০.০০) পৌছানোর পর বেতন প্রবৃদ্ধি রহিত করা হবে।

(চ) মাসিক চিকিৎসা ভাতা ১০০০.০০ (এক হাজার) টাকা প্রদান করা হবে।

(ছ) নিয়মানুযায়ী মাসিক শিক্ষাভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করা হবে।

(জ) সমিতিতে চুক্তিভিত্তিতে কর্মকালীন প্রতি বৎসরে ০২ (দুই) টি উৎসব বোনাস এবং নিয়মানুযায়ী বৈশাখী ভাতা প্রাপ্য হবে। সমিতির পারফরমেন্স টার্গেট এগ্রিমেন্ট (পিটিএ/কেপিআই) এর ফলাফল অনুযায়ী বোনাস/পেনাল্টি ভোগ করবেন।

(ঝ) সন্তোষজনকভাবে চাকুরী সমাপনান্তে স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৬২.০০২.১৯.২৬৫৬; তাং- ০৯/১০/২০১৯ খ্রিঃ অনুযায়ী সার্ভিস বেনিফিট প্রাপ্য হবেন।

অঃ পৃঃ দ্রঃ

০৫। অন্যান্য শর্তাবলীঃ

ক) প্রাপ্ত আবেদনপত্রসমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কায সম্পন্নপূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণপূর্বক প্যানেল প্রস্তুত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫; তারিখ- ১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরন করা হবে।

খ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নেত্রকোণা পবিস এর অনুকূলে ১০,০০০/= টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে, যা সন্তোষজনক চুক্তির মেয়াদ শেষে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেওয়া হবে।

গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখপূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ থাকতে হবে।

ঘ) নেত্রকোণা জেলার স্থায়ী বাসিন্দা ও সুনামগঞ্জ জেলার ধর্মপাশা ও মধ্যনগর থানায় স্থায়ীভাবে বসবাসরত কোন মিটার রিডার/ ম্যাসেঞ্জার/ মিটার রিডার কাম- ম্যাসেঞ্জার আবেদন করার প্রয়োজন নাই এবং ইতোপূর্বে নেত্রকোণা পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদেরও আবেদন করার প্রয়োজন নাই।

ঙ) নেত্রকোণা পবিস এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং এই পবিস-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

চ) কোন পবিস হতে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতিপ্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/ চাকুরীচ্যুত/ দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

ছ) দুই বা তার অধিক সহোদর বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করলেও একজনের বেশি নিয়োগপ্রাপ্ত হবেন না। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে উভয়ের চুক্তি বাতিল করা হবে।

জ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদেই বলবৎ থাকবে যা কোনক্রমেই নিয়মিত হবে না।

ঝ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি, অন্য কোন প্রতিষ্ঠানের চাকুরীতে সার্বক্ষণিক বা খন্ডকালীন নিয়োজিত হতে/থাকতে পারবেন না।

ঞ) স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাৎক্ষণিকভাবে নিয়োগ বাতিলসহ চাকুরী থেকে বরখাস্ত করা হবে।

ট) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত নেত্রকোণা পবিসে নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে গণ্য হবেন না। তবে সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ০৩(তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নেত্রকোণা পবিসে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

ঠ) ইতোপূর্বে কর্মরত পবিসে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)-গণের পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতীত চুক্তি নবায়ন করা হবে না। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিলপূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

ড) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**উল্লেখ্য, স্মারক নং- ২৭.১২.৭২০০.৫৪৫.০২.০০৮.২০২০.৩২০৯, তারিখ- ০৮/০৭/২০২০খ্রিঃ অনুযায়ী যারা ইতিপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

০৫/০৮/২০

( মোঃ জাকির হোসেন )
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ- জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে ( সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ)পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা
০৩। পরিচালক,পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, ময়মনসিংহ।
০৫। জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৬। পুলিশ সুপার, নেত্রকোণা।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার ------------------------------পবিস-১/২/৩/৪।
০৮। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৯। সকল ডিজিএম, নেত্রকোণা পবিস।
১০। সকল এজিএম, নেত্রকোণা পবিস।
১১। নোটিশ বোর্ড, নেত্রকোণা পবিস।
১২। অফিস/মাস্টার কপি।

০৫/০৮/২০২০

( মোঃ জাকির হোসেন )
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)